

যে ব্যক্তি তাবিয লিখে এবং সে যদি কোন মাছজিদের ইমাম হয়ে থাকে, তাহলে তার পিছনে সালাত আদা করা জায়য হবে কি?

যেহেতু তাবিয-কবচ ঝুলানো জায়য নয়, তাই তাবিয লিখাও উচিত নয়। তবে হ্যাঁ, যদি কেউ কোরআনে কারীমের আয়াত দ্বারা কিংবা শারী'য়াত সম্মত দু'আ দ্বারা তাবিয লিখে থাকে, তাহলে তার পিছনে সালাত পড়া জায়য হবে। আর যে ব্যক্তি শির্কী বিষয়াদী সম্বলিত তাবিয লিখে থাকে, তার পিছনে সালাত আদা করা যাবে না। শুধু তাই নয় বরং যিনি বিষয়টি সম্পর্কে জানেন তার উচিত, এরূপ শির্কী তাবিয-কবচ যে ব্যক্তি লিখে থাকে, তাকে স্পষ্টভাবে জানিয়ে দেয়া যে- এ কাজটি শির্ক।

সূত্র:- সৌদী স্থায়ী ফাতাওয়া কমিটি- ৩/৬৫।